“শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

## বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম)

ড. কুদরাত-এ -খুদা সড়ক (ল্যাবরেটরী রোড), ধানমন্ডি, ঢাকা-১২০৫ ☐ ০২-৪৪৬১২৪৫১ ☐ info@bricm.gov.bd ☐ www.bricm.gov.bd

নম্বর : ৩৯.১১.০০০০.০০৩.১১.০১২.২৩/১৫৬১ তারিখ : ২৬-০৬-২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদে (অস্থায়ী) সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত পদের পাশে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সর্বোচ্চ বয়স (বছর) |
|---|---|---|---|---|
| ১ | উপ-পরিচালক<br>টাঃ ৩৫৫০০-৬৭০১০/-<br>গ্রেড-৬ | ১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)-সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সরকারি, আধা-সরকারি বা আন্তর্জাতিক প্রতিষ্ঠানে নবম গ্রেডের পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা। | ৪০ |
| ২ | প্রোগ্রামার<br>টাঃ ৩৫৫০০-৬৭০১০/-<br>গ্রেড-৬ | ১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরী; এবং<br>(গ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ৩৫ |
| ৩ | বৈজ্ঞানিক কর্মকর্তা<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড-৯ | ১৩টি | বিষয়: কেমিস্ট্রি-২টি ; পদার্থ-১টি ; এপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং-৪টি ; মাইক্রোবায়োলজি-১টি; বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং-২টি ; বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি-৩টি<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান অনুষদের কোনো বিষয়ে স্নাতক (সম্মান)-সহ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। | ৩০ |
| ৪ | সহকারী পরিচালক<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড-৯ | ২টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে-<br>(ক) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি । | ৩০ |
| ৫ | সহকারী প্রকৌশলী<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড-৯ | ১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল, মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। | ৩০ |
| ৬ | সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (আইটি)<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড-৯ | ১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ৩০ |
| ৭ | সহকারী প্রোগ্রামার<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড-৯ | ১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ৩০ |
| ৮ | উপ-সহকারী প্রকৌশলী<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/-<br>গ্রেড-১০ | ১টি | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সিভিল, মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল বিষয়ে অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। | ৩০ |
| ৯ | হিসাবরক্ষক<br>টাঃ ১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদের কোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) কম্পিউটার টাইপিংয়ে নিম্নরূপ গতি থাকিতে হইবে, যথা:- (অ) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ টি শব্দ; এবং (আ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ টি শব্দ। | ৩০ |
| ১০ | জুনিয়র টেকনিশিয়ান<br>টাঃ ৯৭০০-২৩৮৯০/-<br>গ্রেড-১৫ | ৫টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং গবেষণাগারে সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ৩০ |
| ১১ | স্টোর কিপার<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার টাইপিংয়ে নিম্নরূপ গতি থাকিতে হইবে, যথা:- (অ) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ টি শব্দ; এবং (আ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ টি শব্দ। | ৩০ |
| ১২ | ব্যক্তিগত সহকারী<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৬ (ছয়) মাস মেয়াদি কম্পিউটার কোর্সে প্রশিক্ষণ সনদপ্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার টাইপিংয়ে নিম্নরূপ গতি থাকিতে হইবে, যথা:- (অ) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ টি শব্দ; এবং (আ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ টি শব্দ। | ৩০ |
| ১৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ৪টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার চালনায় প্রাতিষ্ঠানিক সনদ; এবং<br>(গ) কম্পিউটার টাইপিংয়ে নিম্নরূপ গতি থাকিতে হইবে, যথা:- (অ) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ টি শব্দ; (আ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ টি শব্দ। | ৩০ |
| ১৪ | অফিস সহায়ক<br>টাঃ ৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০ | ৪টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ৩০ |

১। অনলাইনে আবেদন পত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিকে www.bricm.gov.bd এই ওয়েবসাইটের smartbricm লিংকে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৬.০৬.২০২৩ খ্রি:, সকাল ১০:০০ টা।

ii. অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৯.০৮.২০২৩ খ্রি:, বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে user id প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদন পত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে online gateway-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ) অনলাইনে আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু অনলাইনে আবেদনপত্র সাবমিট করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রে একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর আপলোড করে আবেদন পত্র সাবমিট করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র সাবমিট করা সম্পন্ন প্রার্থী একটি user id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি applicant copy পাবেন। কপিতে উল্লিখিত user id ব্যবহার করে প্রার্থী online gateway-এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ সার্ভিস চার্জসহ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ক্রমিক নং ১-৭ পদের জন্য ৪৪৫/- (চারশত পঁয়তাল্লিশ টাকা), ক্রমিক নং-৮ পদের জন্য ২২৪/- (দুইশত চব্বিশ টাকা), ক্রমিক নং ৯-১৩ পদের জন্য ১১২/- (একশত বারো টাকা) এবং ক্রমিক নং-১৪ পদের জন্য ৫৬/- (ছাপ্পান্ন টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে সাবমিট করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। অসম্পূর্ণ/ ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমন- বয়স, শিক্ষাগত যোগ্যতা, স্থায়ী ঠিকানা ইত্যাদি যেকোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়ে www.bricm.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে sms এর মাধ্যমে (শুধু প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে।

ছ) user id এবং password ব্যবহার করে www.bricm.gov.bd ওয়েবসাইটে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) অনলাইন আবেদন করতে কোন সমস্যা হলে ৪৪৬১২৪৫১ নম্বরে অথবা info@bricm.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

২। প্রার্থীর সর্বোচ্চ বয়স ২৬-০৬-২০২৩ তারিখে বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের পাশে বর্ণিত বয়সের মধ্যে হতে হবে। এস.এস.সি পাশের সনদ পত্রের ভিত্তিতে বয়স নির্ধারিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়-এর ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯ নং স্মারক বলে ২৫ মার্চ ২০২০ তারিখে যাদের বয়স ৩০ বছর হয়েছে তারা আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন।

৪। নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে।

৫। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে (বিআরআইসিএমের ওয়েব সাইটে প্রকাশিত নমুনা মোতাবেক) নির্দিষ্ট ফরমে অনুমতি পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে (ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রে একটি রঙিন প্রিন্ট কপি, (খ) প্রবেশপত্রের ফটোকপি, (গ) সদ্য তোলা ৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, (ঘ) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি, (ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (চ) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনারের প্রদত্ত সনদ, (ছ) অভিজ্ঞতার সনদ (প্রযোজ্যক্ষেত্রে) ইত্যাদির সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদনে উল্লিখিত তথ্য প্রমাণের জন্য মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৭। নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত ক্রমিক নং ৯ ও ১১-১৪ পদের ক্ষেত্রে ব্যবহারিক, লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। ব্যবহারিক, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না। ব্যবহারিক, লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী বিআরআইসিএমের ওয়েবসাইট www.bricm.gov.bd -এ প্রকাশ করা হবে।

৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করা এবং পদসংখ্যা পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

৯। ভিন্ন ভিন্ন পদ সমূহের নিয়োগ পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হতে পারে। সে ক্ষেত্রে প্রার্থী নিজ দায়িত্বে একাধিক পদে আবেদন করবেন।

১০। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন, পরিমার্জন (যদি থাকে) বিআরআইসিএমের ওয়েবসাইটে (www.bricm.gov.bd) প্রকাশ করা হবে।

মো: মনিরুজ্জামান

সিনিয়র সায়েন্টিফিক অফিসার

ডিজি-১২৩৬/২৩ (১৫×৮)